



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

**বিষয় :** অধ্যক্ষ জনাব মো: আখতারুজ্জামান এবং (১) জনাব সেলিনা সুলতানা, প্রভাষক, সমাজ বিজ্ঞান (২) জনাব মো: হুমায়ূন কবির, প্রভাষক, ইসলামের ইতিহাস, (৩) জনাব সুরাইয়া সুলতানা, প্রভাষক, ইতিহাস এবং (৪) জনাব মো: শাজাহান কবির, প্রভাষক, ভূগোল বিষয়ের এ যাবত গৃহীত উন্মোচিত বেতন ভাতাদি রাষ্ট্রীয় কোষাগারে ফেরতসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

**সূত্র :** ক) ৭জি/২৭২/(ক-৩)/২০১০/১৫৫১. তারিখ : ২২/০২/২০১৭ খ্রি.ও

খ) নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৭.৩৩৮, তারিখ : ০২/৭/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সাতক্ষীরা জেলাধীন “এ্যাডভোকেট আব্দুর রহমান কলেজ” এর (১) জনাব সেলিনা সুলতানা, প্রভাষক, সমাজ বিজ্ঞান (২) জনাব মো: হুমায়ূন কবির, প্রভাষক, ইসলামের ইতিহাস, (৩) জনাব সুরাইয়া সুলতানা, প্রভাষক, ইতিহাস এবং (৪) জনাব মো: শাজাহান কবির, প্রভাষক, ভূগোল প্রাপ্যতাবিহীন পদে এমপিওভুক্ত হয়েছেন মর্মে শিক্ষা মন্ত্রণালয়ের গত ০২/০৭/২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০ .০৭৪.০০৩.২০১৭.৩৩৮ নং স্মারক পত্রে উল্লেখ করা হয়েছে।

উল্লেখিত অভিযুক্ত অধ্যক্ষসহ ০৪(চার) জন প্রভাষক কর্তৃক এ যাবত গৃহীত অর্থ চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য এবং প্রয়োজনে তাদের বিরুদ্ধে PDR act-1913 এ মামলা দায়ের করার জন্য বলা হয়েছে।

একইসাথে জনাব সেলিনা সুলতানা, প্রভাষক, সমাজ বিজ্ঞান এর নিয়োগ বাতিল ও সনদ জালিয়াতির জন্য তার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের উপরিউল্লেখিত স্মারক পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনাটি যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

সভাপতি, গভার্নিং বডি

এ্যাডভোকেট আব্দুর রহমান কলেজ

বিনেরপোতা, সাতক্ষীরা।

স্মারক নং- ক/অ/ ০৩৮/৭

তারিখ : ৩০/৭/২০১৭

অবগতির অনুলিপি প্রেরিত হলো :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
- ৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। অধ্যক্ষ, এ্যাডভোকেট আব্দুর রহমান কলেজ, বিনেরপোতা, সাতক্ষীরা।
- ৭। সংরক্ষিত কপি।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

৩০/৭/২০১৭